

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির আগস্ট/২০২১ মাসের সভার কার্যবিবরণী :-

সভাপতিঃ

জনাব মোছাঃ নাজনীন নাহার
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।

স্থানঃ- উপজেলা প্রাণিসম্পদ অফিস, চৌগাছা যশোর।

তারিখঃ ০৮/০৮/২০২১ইং সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সন্মানিত সদস্যবৃন্দের নামের তালিকা পৃথক ভাবে সংরক্ষিত।

অধ্যকার সভায় মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সন্মানিত সভাপতি মহোদয় জনাব মোছাঃ নাজনীন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ চৌগাছা, যশোর উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

সভার শুরুতে সম্মানিত সভাপতি মহোদয় জনাব মোছাঃ নাজনীন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব প্রভাষ চন্দ্র গোস্বামী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চৌগাছা যশোরের নিকট জানতে চান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিস, চৌগাছা যশোরের আয়োজনে ২০২১-২০২২ অর্থ বছরে আগস্ট/২০২২ মাসে অত্র উপজেলার কোন ইউনিয়নে ভ্যাকসিনেশন কার্যক্রমের প্রোগ্রাম আছে কিনা? থাকলে তা সভাকে অবহিত করেন।

জবাবে জনাব প্রভাষ চন্দ্র গোস্বামী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চৌগাছা যশোর ও সদস্য সচিব মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি, সভাপতির অনুমতি ক্রমে সভাকে জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে আগস্ট/২০২২ মাসে অত্র উপজেলার ১১টি ইউনিয়নের নিম্নে বর্ণিত গ্রামে ভ্যাকসিনেশনের কাজ হাতে নেওয়া হয়েছে যা বর্তমানে চলমান।

ক্রমিক নম্বর	ভ্যাকসিন প্রয়োগের তারিখ	গ্রামের নাম	ইউনিয়নের নাম	ভ্যাকসিনের নাম	
১.	০১/৮/২০২১	টেঙ্গুরপুর	স্বরূপদাহ	তড়কা	পিপিআর
২.	০৪/৮/২০২১	বাড়িয়ালি	পাশাপোল	তড়কা	পিপিআর
৩.	০৯/৮/২০২১	কোটালীপুর	ফুলসারা	এফ,এম,ডি	পিপিআর
৪.	১১/৮/২০২১	লক্ষরপুর	চৌগাছা	তড়কা	পিপিআর
৫.	১৬/৮/২০২১	দৌলতপুর	সুখপুকুরিয়া	এফ,এম,ডি	পিপিআর
৬.	১৮/৮/২০২১	দেবীপুর	হাকিমপুর	তড়কা	পিপিআর
৭.	২২/৮/২০২১	ফতেপুর	ধুলিয়ানি	এফ,এম,ডি	পিপিআর
৮.	২৪/৮/২০২১	আড়পাড়া	জগদিসপুর	তড়কা	পিপিআর
৯.	২৬/৮/২০২১	নিয়ামতপুর	পাতিবিলা	এফ,এম,ডি	পিপিআর
১০.	২৯/৮/২০২১	জামালতা	সিংহবুলি	এইচ,এস	পিপিআর
১১.	৩১/৮/২০২১	বড়খাঁনপুর	নারায়নপুর	বি কিউ	পিপিআর

অতঃপর কমিটির সম্মানিত সভাপতি মহোদয় সভার সকল সদস্যবৃন্দকে জানান যে, বর্তমান সরকারের উন্নয়নে দেশকে এগিয়ে নেওয়ার জন্য স্ব-স্ব অবস্থানে থেকে সকলকে একযোগে আন্তরিকতার সাথে কাজ করতে হবে। অতঃপর সভাপতি মহোদয় সদস্য সচিবকে ভ্যাকসিনেশন কাজ সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার অনুরোধ জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত/

(মোছাঃ নাজনীন নাহার)

মহিলা ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ চৌগাছা, যশোর

ও সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির।

তারিখঃ ০৮/০৮/২০২১


স্মারক নং-৩৩.০১.৪১১১.০০০.৫৫.০০২.২১-৪৩৬/৮

অনুলিপি সদস্য অবগতির জন্য প্রেরিত হ'লঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।

৩। ----- সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি।



(প্রভাষ চন্দ্র গোস্বামী)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

চৌগাছা, যশোর ও সদস্য সচিব,

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির।